

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

১১ম সমাবর্তন ২০২৪

সমাবর্তনে অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দের জন্য নির্দেশনাবলী

প্রিয় শিক্ষার্থীবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন সবচেয়ে স্মরণীয় ও গৌরবান্বিত অনুষ্ঠান, তাই সম্পূর্ণ অনুষ্ঠানটি অর্থাৎ অতিথি আপ্যায়ণ, বিন্যাস, নিরাপত্তাসহ অন্যান্য বিষয়গুলি বিশেষ ভাবে নিরাপ্তিত থাকবে। মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের আগমন হতে প্রস্থানের পূর্ব মূহূর্ত পর্যন্ত আপনাদের সর্বোচ্চ সতর্কতা ও নিয়মানুবর্তী থাকার জন্য জোর অনুরোধ করা হল।

১১ম সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষার্থীদের জন্য অনুসরণীয়

১. সকাল ০৮:৩০ ঘটিকা হতে সকাল ০৯:৩০ ঘটিকা পর্যন্ত সমাবর্তনের রেজিস্ট্রেশন অনুযায়ী স্ব-স্ব স্থান থেকে ড্যাফোডিল স্মার্ট সিটি, বিরলিয়া, সাভার-এর উদ্দেশ্যে গাড়ী ছেড়ে যাবে।
২. গাড়ীর লাইন অনুযায়ী প্রথম থেকে প্রতিটি গাড়ীর আসন পূর্ণ হওয়ার পরে পরবর্তী গাড়ীতে একইভাবে আসন গ্রহণ করতে হবে।
৩. বেলা ১১:০০ ঘটিকা হতে ১২:৩০ ঘটিকার মধ্যে দুপুরের খাবার সংগ্রহ করবেন (শিক্ষার্থী এবং অভিভাবকদের জন্য ট্রাঙ্কপোর্ট পুলে ১ থেকে ৩০ নম্বর বুথে খাবার সরবারহ করা হবে)। বুথ থেকে খাবার সংগ্রহের শেষ সময় দুপুর ১২:৩০ ঘটিকা।
৪. শিক্ষার্থীবৃন্দ বেলা ১০:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত সমাবর্তনের অনুষ্ঠানস্থলে সম্মানীয় ভাইস চ্যাপেলের, পো-ভাইস চ্যাপেলের ও ট্রেজারার মহোদয়ের সাথে সমাবর্তনের গাউন পরিধান করে সমাবর্তন দিনটি স্মরণীয় করে ছবির ফ্রেমে আটকানোর জন্য ডামি সনদ সংগ্রহের ছবি তুলবেন।
৫. দুপুর ০১:৩০ ঘটিকায় সমাবর্তনের জন্য অংশগ্রহণকারী শিক্ষার্থীরা সমাবর্তন স্থানে, অনুষদ অনুযায়ী (নির্দেশনা অনুযায়ী) নিজ নিজ আসন গ্রহণ করবে।
৬. দুপুর ০২:৩০ ঘটিকায় অনুষ্ঠান শুরু হবে এবং বিকাল ০৪:৩০ ঘটিকায় শেষ হবে।
৭. দুপুর ০২:৩০ ঘটিকায় মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় (মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত) অনুষ্ঠানে যোগদান করবেন।
৮. মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের প্রবেশ-প্রস্থানকালে এবং জাতীয় সঙ্গীত পরিবেশনের সময় দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করতে হবে।
৯. (ক) ডিন মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট অনুষদের স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রামের শিক্ষার্থীদের ডিগ্রী প্রদানের জন্য উপস্থাপনের সময় দাঁড়িয়ে অপেক্ষা করবেন।
১০. (খ) সকল অনুষদের শিক্ষার্থীদেরকে উপস্থাপনের পর মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় তাদেরকে ডিগ্রী প্রদান করবেন। তারপর ঘোষক কর্তৃক ঘোষণার পর গ্রাজুয়েটবৃন্দ বাম থেকে ডানে টাসেল ঘুরাবেন এবং নিজ নিজ আসন গ্রহণ করবেন।
১১. মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় কর্তৃক সেশন সমাপ্তের ঘোষণা এবং অনুষ্ঠানস্থল থেকে প্রস্থানের পর শিক্ষার্থীরা হল থেকে বের হতে পারবে।
১২. বকাল ০৫:০০ ঘটিকায় ডিনার সংগ্রহ করবে (শিক্ষার্থী এবং অভিভাবকদের জন্য ট্রাঙ্কপোর্ট পুলে ১ থেকে ৩০ নম্বর বুথে খাবার সরবারহ করা হবে) এবং ০৫:৩০ ঘটিকায় অনুষ্ঠান শেষে সকলে স্ব-স্ব স্থানের উদ্দেশ্যে যাত্রা করবে।
১৩. মেট্রোরেল উত্তরা সেন্টার স্টেশন থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত সাটল বাস সার্ভিস সকাল ০৯:৩০ ঘটিকা হতে বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত ও সন্ধ্যা ০৫:৩০ ঘটিকা হতে ০৭:৩০ ঘটিকা পর্যন্ত যাতায়াতের ব্যবস্থা থাকবে।



অন্যান্য অনুসরণীয় বিষয়সমূহ :

- সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অবশ্যই আমন্ত্রণপত্র সঙ্গে আনতে হবে এবং আমন্ত্রনপত্রটি শুধুমাত্র আপনার জন্য সংরক্ষিত, হস্তান্তরযোগ্য নয়।
- অডিটরিয়ামে যে আগে আসবে সে অনুষদ অনুযায়ী আগে বসবে।
- অডিটরিয়ামে যারা অবস্থান করবে তারা অনুষ্ঠান চলাকালীন সময় বের হতে পারবে না।
- যারা পিতা-মাতা নিয়ে আসবে, স্বেচ্ছাসেবক হিসেবে নিজেদেরই দেখাশোনা করতে হবে।
- মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় হলে প্রবেশ করার পর কেউ সেখানে প্রবেশের অনুমতি পাবে না।
- মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় কর্তৃক সেশন সমাপ্তির ঘোষণা করা পর্যন্ত সকলকে হলে অবস্থান করতে হবে।
- ডিগ্রী ঘোষণার পর ইয়াহু বলে শব্দ করবে কিন্তু ক্যাপ ছুঁড়বে না।

গাউন জমা দেওয়ার সময় ও স্থান :

ক) সমাবর্তন অনুষ্ঠান শেষ হওয়ার পর গ্রাজুয়েটবুন্দ ইচ্ছা করলে গাউন জমা দিতে পারবে।

গাউন জমা দেওয়ার স্থান : ড্যাফোডিল স্মার্ট সিটি, ইনস্পারেশন বিল্ডিং (বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি অনুষদ এবং মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদ এর গ্রাজুয়েটবুন্দ) এবং নলেজ ভ্যালী (ব্যবসা ও এন্ট্রাপ্রেনারশীপ অনুষদ, প্রকৌশল অনুষদ এবং স্বাস্থ্য ও জীব বিজ্ঞান অনুষদ এর গ্রাজুয়েটবুন্দ)।

গাউন জমা দেওয়ার সময় : দুপুর ০৮:৩০ ঘটিকা থেকে বিকাল ০৫:৩০ ঘটিকা।

খ) সমাবর্তনের দিন ব্যতীত ২৮ মার্চ ২০২৪ ইং পর্যন্ত নিজ নিজ বিভাগে গাউন জমা নেয়া হবে। নির্ধারিত সময়ের মধ্যে গাউন জমা দিতে ব্যর্থ হলে প্রতি মাসের

জন্য ১০০ (একশত) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

মূল সনদ সংগ্রহ :

ক) মূল সনদ সংগ্রহের তারিখ : ২০ মে ২০২৪ ইং তারিখ হতে সংগ্রহ করা যাবে (শুক্রবার ও অন্যান্য সরকারী ছুটির দিন ব্যতীত)।

খ) মূল সনদ সংগ্রহের সময়সূচী : সকাল ০৮:৩০ ঘটিকা থেকে বিকাল ০৮:০০ ঘটিকার মধ্যে।

গ) মূল সনদ সংগ্রহ করার স্থান : পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ড্যাফোডিল স্মার্ট সিটি, ইনস্পারেশন বিল্ডিং, ২য় তলা।

ঘ) মূল সনদ সংগ্রহের সময় নিম্নোক্ত ক্লিয়ারেন্স জমা দিতে হবে :

- সমাবর্তন গাউন জমা দেওয়ার ক্লিয়ারেন্স।
- একাউন্টস সেকশনের ক্লিয়ারেন্স।
- সাময়িক সনদ জমা দেওয়ার ক্লিয়ারেন্স।
- লাইব্রেরী ক্লিয়ারেন্স।

জরুরী তথ্য ও অনুসন্ধানঃ

ইমেইল : convocation2024@daffodilvarsity.edu.bd

মোবাইল নম্বর : 01847027533, 01847027526

এখানে উল্লেখ্য যে, কোন ধরণের খাবার নিয়ে সমাবর্তন অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না। সকল ধরণের আবর্জনা (লাঞ্চ বা চিস্যু ইত্যাদি) নির্দিষ্ট ডাস্টবিনে ফেলার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অনুষ্ঠানের সেশন শেষ না হওয়া পর্যন্ত (মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের অনুষ্ঠানস্থলে আগমন থেকে প্রস্থান পর্যন্ত) হল থেকে বের না হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।